



# আইডিয়াল

IDEAL (Institute Of Development Education For Advancement Of Landless)

## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

আইডিয়াল সংস্থা সাতক্ষীরা জেলায় ১৯৮৭ সাল থেকে বিভিন্ন প্রকার উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থা জরুরী ভিত্তিতে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমে নিম্ন লিখিত পদে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করছে।


০১। পদের নামঃ শাখা ব্যবস্থাপক: পদের সংখ্যা- ৩। প্রার্থীর যোগ্যতাঃ যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ, কম্পিউটারে কাজ করার অভিজ্ঞতা, সফটওয়্যারে ঋন প্রতিবেদন বিশ্লেষণে সক্ষমতা এবং ঋণ কার্যক্রমে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা। স্থায়ী করণের পর মাসিক বেতন সর্বসাকুল্যে ১৯,৯৬৫/- (উনিশ হাজার নয় শত পঁয়ষাট) টাকা। বয়স সর্বোচ্চ ৪৫ বছর। মোটর সাইকেল চালনায় পারদর্শী ও বৈধ লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

০২। পদের নামঃ মাঠ সংগঠক: পদের সংখ্যা-১০। শিক্ষাগত যোগ্যতা-স্নাতক পাস, সাইকেল চালনায় পারদর্শী হতে হবে, কঠোর পরিশ্রমী ও মাঠ পর্যায়ে কাজের সদিচ্ছা থাকতে হবে। ৩ মাস পর্যন্ত শিক্ষানবিশ কাল হিসেবে কর্মরত থাকতে হবে। শিক্ষানবিশকালে বেতন ও অন্যান্য ভাতাসহ সর্ব সাকুল্যে ৯,০০০/= টাকা। স্থায়ীকরণের পরে বেতন ও অন্যান্য ভাতাসহ সর্ব সাকুল্যে ১৩০৫৮/= টাকা প্রদান করা হবে। উল্লেখ্য- নারী ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিতযোগ্য।

স্থায়ীকরণের পর সকল পদের জন্য উৎসব ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, এবং সংস্থার দেয়া অন্যান্য সুবিধাদি প্রযোজ্য। আত্মহী প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং মোবাইল নম্বরসহ জীবন বৃত্তান্ত ও আবেদনপত্র আগামী ২৯.০২.২০২৪ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রয়োজনীয় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

বিঃ দ্রঃ - প্রার্থীদের আবেদন পত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

ধূমপায়ীদের আবেদন করার প্রয়োজন নাই।

  
মোঃ নজরুল ইসলাম  
পরিচালক,

আইডিয়াল

পারুলিয়া, দেবহাটা, সাতক্ষীরা।

মোবা : ০১৭১১-৮৬৬৫০৮

ই-মেইল: [ideal\\_ni@yahoo.com](mailto:ideal_ni@yahoo.com)

ওয়েব: [www.idealsatkhir.org](http://www.idealsatkhir.org)